# জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক নং: ১৬(৬৯৯)জাতী:বি:/অন-ক্যাম্পাস এমপিএইচ/ভর্তি/২০২৬/১/৫৮১১ তারিখ : ০৬/০৮/২০২৬

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তত্ত্বাবধানে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে মাস্টার অব পাবলিক হেলথ (এমপিএইচ) কোর্সে সংশোধিত ভর্তি বিজ্ঞপ্তি

(একই তারিখ ও সূত্রের স্থলাভিষিক্ত হবে)

**ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)**

**(শুক্রবার ও শনিবার ঢাকাস্থ ধানমন্ডি ক্যাম্পাসে এমপিএইচ কোর্স পরিচালিত হবে)**

**আবেদনের তারিখ: ০৬ আগস্ট ২০২৬ তারিখ বিকাল ৪টা থেকে ৩০ আগস্ট ২০২৬ তারিখ রাত ১২টা পর্যন্ত**

**(লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষার তারিখ ও স্থান পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।)**

**জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তত্ত্বাবধানে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে এক বছর মেয়াদী মাস্টার অব পাবলিক হেলথ (এমপিএইচ) প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির জন্য অন-লাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম ০৬ আগস্ট ২০২৬ তারিখ বিকাল ৪টা থেকে ৩০ আগস্ট ২০২৬ তারিখ রাত ১২টার মধ্যে পূরণ করতে হবে এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (gateway) অথবা পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে আবেদন ফরমের প্রিন্ট কপি অনলাইন থেকে ০৩ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।**

### ১. ভর্তির যোগ্যতা

**ক. ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান)/৩ বছর মেয়াদী স্নাতক (পাস) ও প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।**

**খ. এমবিবিএস/বিডিএস/বিএইচএমএস/বিইউএমএস/বিএএমএস/বিএসসি ইন নার্সিং/ ইঞ্জিনিয়ারিং কোর্সে ডিগ্রী প্রাপ্ত হতে হবে।**

### ২. কোর্সের মেয়াদ

**মাস্টার অব পাবলিক হেলথ (এমপিএইচ) কোর্সে দু'টি সেমিস্টার থাকবে যার প্রতিটির মেয়াদ হবে ০৬ (ছয়) মাস।**

### ৩. ফেলোশিপ সংক্রান্ত তথ্যাদি ও শর্তাবলি

**মাস্টার অব পাবলিক হেলথ (এমপিএইচ) কোর্সে** ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা প্রথম সেমিস্টার পরীক্ষায় জিপিএ ৩.৮০ প্রাপ্ত হবেন তাদের প্রত্যেককে মাসিক নির্ধারিত হারে ১ বছরের জন্য বৃত্তি প্রদান করা হবে।

### ৪. অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও পে-স্লিপ ডাউনলোড

ক. আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.nu.ac.bd/admissions) Master's Tab** থেকে **Apply Now (MPH Program)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীকে সতর্কতার সঙ্গে নিজের নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য ও জন্ম তারিখ নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। **এছাড়াও প্রার্থীকে স্নাতক পরীক্ষার মার্কশিটের সত্যায়িত কপি ও জীবন বৃত্তান্ত স্ক্যান করে আপলোড করতে হবে।**

খ. ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120 x 150 pixels, Image Type: jpg** এবং **maximum file size:50Kb.**

গ. কোনো প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ক্রটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Applicant Login** সিলেক্ট করে **MPH Program Login** অপশনে রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the OTP** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS**-এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবেন। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবেন। আবেদনকারী এ সুযোগ কেবল একবারই পাবেন। তবে কোনো প্রার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন **(gateway)** অথবা পে-স্লিপ ডাউনলোড করে প্রাথমিক আবেদন ফি জমা দেওয়ার পর ফরম বাতিল করতে পারবেন না।

ঘ. সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে (রোল নম্বর ও পিন কোড উল্লেখপূর্বক) **Download Pay Slip** অপশন থেকে সোনালী সেবার পে-স্লিপ **Print** করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে-কোনো শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

ঙ. **প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর ছবি/তথ্য ভুল অথবা অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

### ৫. পে-স্লিপের মাধ্যমে ফি জমা দিয়ে আবেদন ফরম ডাউনলোড

ক. পে-স্লিপ ডাউনলোড করে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে **(gateway)**-এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফি জমা দিলে প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে **SMS**-এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার জন্য তথ্য দেওয়া হবে। এ পর্যায়ে আবেদনকারী তার রোল নম্বর ও পিন ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant Login** সিলেক্ট করে **MPH Program Login** অপশন থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিবেন।

খ. প্রাথমিক আবেদন ফি ব্যতীত কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।

**নিম্নের নির্দেশনাটি অনুসরণ করুন**

**[অনলাইনে আবেদন করুন] → [পে-স্লিপ ডাউনলোড ও প্রিন্ট করুন অথবা অনলাইন গেটওয়ে ব্যবহার করুন] → [পে-স্লিপটি সোনালী ব্যাংকের যে-কোনো শাখায় জমা দিন]**

পে-স্লিপ অথবা অনলাইন গেটওয়ের মাধ্যমে ফি পরিশোধের পর আবেদনকারীকে তা এসএমএস মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। এসএমএস প্রাপ্তির পর **Applicant Login (MPH Program Login)** অপশন থেকে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

**৬. ভর্তি পরীক্ষা (লিখিত এবং মৌখিক) বিষয়ে করণীয়**

ক. মাস্টার অব পাবলিক হেলথ (এমপিএইচ) প্রোগ্রামে ভর্তির লিখিত ও মৌখিক পরীক্ষা নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী অনুষ্ঠিত হবে।

খ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীদের সকল পরীক্ষার সনদ ও নম্বরপত্রের কপি, সোনালী সেবার মাধ্যমে আবেদন ফি জমা রশিদের মূলকপি ও প্রাথমিক আবেদন ফরমের কপি সঙ্গে রাখতে হবে।

গ. ভর্তির সময় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ফ্যাকাল্টি চেয়ারম্যান-এর দপ্তরে মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। উল্লেখ্য যে, কোনো আবেদনকারী ভুল তথ্য উপস্থাপনের মাধ্যমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত হয়ে ভর্তি হলে তার ভর্তি বাতিল করা হবে।

**৭. প্রাথমিক আবেদন ও ভর্তির সময়সূচি**

| | | |
|---|---|---|
| **ক.** | **অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখ** | **০৬/০৮/২০২৬ থেকে ৩০/০৮/২০২৬** |
| **খ.** | **সোনালী সেবার টাকা জমাদান**<br>**আবেদনকারী প্রতি ১,০০০/- (এক হাজার) টাকা হারে আবেদন ফি জমা দিতে হবে। ( Pay Slip এ ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- ০২১৮১১০০০০২৭০১ উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে।)** | **০৬/০৮/২০২৬ থেকে ০৩/০৯/২০২৬** |
| **গ.** | **শিক্ষার্থী প্রতি কোর্স ফি সর্বসাকুল্যে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ।** | |
| **ঘ.** | **স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে সিজিপিএ ৩.৫০ প্রাপ্ত/জুলাই যোদ্ধা/ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়/বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী/ প্রত্যন্ত গ্রামীণ ও দূর্গম অঞ্চলে বসবাসকারী শিক্ষার্থীদের জন্য ৫০% পর্যন্ত টিউশন ফি মওকুফের সুযোগ।** | |

**ঘ. লিখিত পরীক্ষার ও মৌখিক পরীক্ষার তারিখ ও স্থান পরবর্তিতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।**

**৮.** নির্ধারিত সময়ের পর কোনোক্রমেই আবেদন গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

**৯.** ভর্তি বিজ্ঞপ্তির যেকোনো শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে। অনিবার্য কারণে ভর্তির সময়সূচি পরিবর্তন করার প্রয়োজন হলে তা আবেদনকারীদের আগে থেকেই **SMS** বা টেলিফোনের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

বি.দ্র.: ভর্তি বিজ্ঞপ্তি, অনলাইন আবেদন ফরম ও ভর্তি সংক্রান্ত সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **http://www.nu.ac.bd/admissions**–এ পাওয়া যাবে।

**(প্রফেসর ড. ফকির রফিকুল আলম)**
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
মোবাইল : ০১৭৪২-৮৪৬৪১৪

স্মারক নং: ১৬(৬৯৯)জাতী:বি:/অন-ক্যাম্পাস এমপিএইচ/ভর্তি/২০২৬/১/৫৮১১ তারিখ : ০৬/০৮/২০২৬

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো**

**১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়**
**২. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়**
**৩. সকল ফ্যাকাল্টি চেয়ারম্যান, জাতীয় বিশ্ববিদ্যালয়**
**৪. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়**
**৫. সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়**
**৬. পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়। [বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]**
**৭. পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়**
**৮. পরিচালক, তথ্য ও সেবা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়**
**৯. সচিব ও অতিরিক্ত রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়**
**১০. উপ রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়**
**১১. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়**
**১২. অতিরিক্ত রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়**
**১৩. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়**
**১৪. অফিস কপি/নোটিশ বোর্ড**

**স্বা/-**
**(মাসুম বিল্লাহ)**
কো-অর্ডিনেটর
মাস্টার অব পাবলিক হেলথ (এমপিএইচ) প্রোগ্রাম
ধানমন্ডি ক্যাম্পাস
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
মোবাইল : ০১৯৬৪৮২৫০৯৮
ই-মেইল:*publichealth@nu.ac.bd*